

সত্যবাদিতা

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

আজকের আলোচ্য বিষয়: **সত্যবাদিতা**

পবিত্র কুরআনে মহান আল্লাহ ইরশাদ করেছেন :

يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا اتَّقُوا اللَّهَ وَكُونُوا مَعَ الصَّادِقِينَ

-হে ঈমানদারগণ! তোমরা আল্লাহকে ভয় করো এবং সত্যবাদীদের সাথেই থাকো।

(সূরা তাওবা :১১৯)

فَلَوْ صَدَقُوا اللَّهَ لَكَانَ خَيْرًا لَهُمْ

-তারা যদি আল্লাহর নিকট সত্যতার প্রমাণ দিতো তবে তাদের জন্যই তা ভালো হতো।

(সূরা মুহাম্মদ: ২১)

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " عَلَيْكُمْ
بِالصِّدْقِ فَإِنَّ الصِّدْقَ يَهْدِي إِلَى الْبِرِّ وَإِنَّ الْبِرَّ يَهْدِي إِلَى الْجَنَّةِ وَمَا يَزَالُ الرَّجُلُ
يَصْدُقُ وَيَتَحَرَّى الصِّدْقَ حَتَّى يُكْتَبَ عِنْدَ اللَّهِ صَدِيقًا وَإِيَّاكُمْ وَالْكَذِبَ فَإِنَّ الْكَذِبَ
يَهْدِي إِلَى الْفُجُورِ وَإِنَّ الْفُجُورَ يَهْدِي إِلَى النَّارِ وَمَا يَزَالُ الْعَبْدُ يَكْذِبُ وَيَتَحَرَّى
الْكَذِبَ حَتَّى يُكْتَبَ عِنْدَ اللَّهِ كَذَابًا "

- ইবনে মাসউদ (রাঃ) নবী করিম (সাঃ) হতে বর্ণনা করেন। তিনি বলেছেন, "সত্যবাদিতা পুণ্যের রাস্তা দেখায়। আর পুন্য জান্নাতের দিকে নিয়ে যায়। মানুষ সত্যের অনুসরণ করতে করতে সর্বশেষ আল্লাহর নিকট 'সিদ্দিক (সত্যবাদী)' নাম লিপিবদ্ধ হয়। আর মিথ্যা পাপের রাস্তা দেখায়। এবং পাপ দোষখের আগুনের দিকে নিয়ে যায়। মানুষ মিথ্যার অনুসরণ করতে করতে সর্বশেষ আল্লাহর কাছে "মিথ্যাবাদী" নাম লিপিবদ্ধ হয়।

(বুখারী ৬০৯৪, মুসলিম ২৬০৬, তিরমিজি ১৯৭১, আবু দাউদ ৪৯৮৯, ইবনে মাসাহ ৪৬,
আহমদ ৩৬৩১)

আল্লাহ আমাদেরকে সত্যবাদিতা অবলম্বনের তৌফিক দান করুন।

আমিন